গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

উপ-পরিচালক, মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর

এবং

সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০১৯ - জুন ৩০, ২০২০

# সূচিপত্র


দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র ........ ৩

প্রস্তাবনা ........ ৪

সেকশন ১: দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি ........ ৫

সেকশন ২: দপ্তর/সংস্থার বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) ........ ৬

সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ ........ ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ........ ১৩

সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী দপ্তর/সংস্থাসমূহ এবং পরিমাপ পদ্ধতি ........ ১৪

সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের উপর নির্ভরশীলতা ........ ১৫

# দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র
# (Overview of the Performance of the Department/Organization)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

মৎস্য ও প্রাণিসম্পদ সম্পর্কিত তথ্য ও প্রযুক্তি গণমাধ্যমের সহায়তায় খামারী, সম্প্রসারণকর্মীসহ সংশ্লিষ্ট উপকারভোগীর কাছে সময়মত পৌঁছে দেয়া মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তরের প্রধান দায়িত্ব। বিগত তিন বছরে মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর কর্তৃক, 'বিপন্ন প্রজাতির ফলি মাছের কৃত্রিম প্রজনন ও চাষ ব্যবস্থাপনা, 'নোনা ট্যাংরার প্রজনন, পোনা উৎপাদন ও নাসারী ব্যবস্থাপনা' "মা ইলিশ ও জাটকা রক্ষায় করণীয়", "ভাসমান খাঁচায় গুলশা চাষ","কৈ, শিং ও মাগুর চাষ ব্যবস্থাপনা", ''পাবদা ও গুলশা মাছের পোনা উৎপাদন ও চাষ ব্যবস্থাপনা,''অ্যাকোয়াপনিক্সের মাধ্যমে মাছ ও সবজির সমন্বিত চাষ'' "সঠিক পদ্ধতিতে কোরবানীর পশুর চামড়া ছাড়ানো ও সংরক্ষণ", "ক্ষুরারোগ দমনে করণীয়'', "তড়কা রোগ প্রতিরোধে করণীয়", "মুরগীর বাচ্চা পালন", "টার্কি পালন", ''জলাতংক প্রতিরোধে করণীয়'', "সাফল্যের ৫ বছর", "মৎস্য ও প্রাণিসম্পদ খাতে মানবসম্পদ উন্নয়ন", ''ইনোভেশন প্রতিবেদন'' মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের ''বার্ষিক প্রতিবেদন-২০১৫-১৬'' ''বার্ষিক প্রতিবেদন-২০১৬-১৭'', এবং মৎস্য সপ্তাহ, জাটকা সংরক্ষণ সপ্তাহ ও বিশ্ব জলাতংক দিবস ইত্যাদি বিষয়ে জনসাধারণকে উদ্বুদ্ধ করার লক্ষ্যে প্রায় ৭ লক্ষ ৭০ হাজার কপি পোস্টার, লিফলেট, ফোল্ডার, পুস্তক-পুস্তিকা মুদ্রণপূর্বক বিনামূল্যে জনসাধারণের নিকট বিতরণ করা হয়েছে। একই উদ্দেশ্যে বিগত তিন বছরে ১২টি টিভি ফিলার, ৯টি ডকু-ড্রামা, ২টি ভিডিও ক্লিপ, ১টি টিভিসি ও ১টি জিঙ্গেল নির্মাণ করা হয়েছে এবং তা বাংলাদেশ টেলিভিশনসহ বিভিন্ন বেসরকারি টিভি চ্যানেলে প্রচারিত হয়েছে। পাশাপাশি বাংলাদেশ বেতার ও বাংলাদেশ টেলিভিশনে মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ে টক-শো'র আয়োজন করা হয়েছে। এ সময়ে জাতীয় মৎস্য সপ্তাহ, জাটকা সংরক্ষণ সপ্তাহ, মা ইলিশ সংরক্ষণ, গবাদিপশুর ক্ষুরারোগ দমন ও বিশ্ব জলাতংক দিবস ইত্যাদি উপলক্ষে জাতীয় দৈনিক পত্রিকায় ১৯টি জনসচেতনতামূলক বিজ্ঞপ্তি প্রচার করা হয়। এসব প্রচার-প্রচারণার ফলে মৎস্য ও প্রাণিসম্পদ সেক্টর সম্পর্কে জনসাধারণের আগ্রহ ক্রমাগত বৃদ্ধি পাচ্ছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর সদর দপ্তরসহ ৪টি আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে তথ্য সেবা প্রদান করে থাকে। তবে সদর দপ্তরসহ উল্লেখিত আঞ্চলিক কার্যালয়গুলির অবকাঠামোগত স্বল্পতা/সীমাবদ্ধতার কারণে গুণগত মানসম্পন্ন সেবা প্রদান ব্যাহত হচ্ছে। তাছাড়া সংস্থার রাজস্ব খাতভুক্ত বর্তমান জনবল মাত্র ৩৩ জন। অপ্রতুল জনবলের ফলে বিভিন্ন চাহিদামাফিক তথ্য সেবা বিতরণ বাধাগ্রস্থ হচ্ছে।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

মৎস্য ও প্রাণিসম্পদের টেকসই উন্নয়ন, সংরক্ষণ ও সম্পদের সুষ্ঠু ব্যবস্থাপনা নিশ্চিতকরণে তথ্যসেবার মান উন্নয়ন।
জলবায়ু পরিবর্তনের ফলে মৎস্য ও প্রাণিসম্পদের উপর যেসকল বিরূপ প্রভাব পড়ছে তা মোকাবেলায় বিভিন্ন গণমাধ্যমের সাহায্যে প্রচার-প্রচারণার মাধ্যমে জনসচেতনতা সৃষ্টি করা।
দপ্তরের প্রাতিষ্ঠানিক কাঠামোগত সক্ষমতা ও জনবল বৃদ্ধির মাধ্যমে তথ্যসেবা সম্প্রসারণ ও জোরদারকরণ।

**২০১৯-২০ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক নতুন নতুন প্রযুক্তি সম্প্রসারণে প্রচার ও প্রকাশনার মাধ্যমে বৃহত্তর জনগোষ্ঠীকে উদ্বুদ্ধকরণ
- প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ায় মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক বিভিন্ন বিজ্ঞপ্তি, টিভিসি, টিভি ফিলার, জিঙ্গেল, ডকু-ড্রামা ও নানা ধরনের প্রচারণার সংস্থান রাখা
- দপ্তরের ওয়েবসাইটকে আরও সমৃদ্ধকরণ
- রাজধানীর বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থানসমূহে মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক ভিডিও প্রদর্শনী আয়োজন করে জনসাধারণকে উদ্বুদ্ধকরণ
- মন্ত্রণালয়ের বার্ষিক কর্মকান্ডের রিপোর্ট প্রণয়ন
- বর্তমান সরকারের ০২ বছরের সাফল্যের উপর পুস্তক প্রকাশ

## প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

উপ-পরিচালক, মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর

এবং

সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়-এর মধ্যে ২০১৯ সালের ..জুন.. মাসের ..১৯.. তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

## দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

### ১.১ রূপকল্প (Vision)

বিপুল জনগোষ্ঠিকে মৎস্য ও প্রাণিসম্পদ উন্নয়ন বিষয়ক নতুন নতুন কলাকৌশল ও প্রযুক্তিতে উদ্বুদ্ধকরণ এবং মৎস্য ও প্রাণিসম্পদ সেক্টরের উন্নয়নের লক্ষ্যে দেশের বিপুল জনগোষ্ঠিকে আধুনিক মাছ চাষ, হাঁস-মুরগি ও গবাদিপশু পালন সংক্রান্ত তথ্য অবহিতকরণসহ উন্নত কলাকৌশল ও প্রযুক্তি বিষয়ক তথ্যাবলী প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ায় প্রচারের মাধ্যমে সরকার ঘোষিত 'ডিজিটাল বাংলাদেশ' গঠন ও 'ভিশন-২০২১' বাস্তবায়নের প্রত্যয়কে এগিয়ে নেয়া।

### ১.২ অভিলক্ষ্য (Mission)

দ্রুত ও ক্রমবর্ধনশীল খাত হিসেবে মৎস্য ও প্রাণিসম্পদ উন্নয়নে নতুন প্রযুক্তি ও কলাকৌশল সম্পর্কে বিভিন্ন গণমাধ্যম ও প্রচার-প্রচারণার সাহায্যে জনগণকে অবহিত করণের মাধ্যমে তাদের কর্মসংস্থান ও আয়ের পথ সুগম করা।

### ১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives)

#### ১.৩.১ দপ্তর/সংস্থার কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক বিভিন্ন লাগসই প্রযুক্তি সম্পর্কে জনসাধারণকে অবহিতকরণের মাধ্যমে এ সম্পর্কিত প্রচারণা বৃদ্ধি করা।

#### ১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি
২. দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ
৩. আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন

### ১.৪ কার্যাবলি (Functions)

১. মৎস্য ও প্রাণিসম্পদ সম্পর্কিত পোস্টার, লিফলেট, ফোল্ডার ও পুস্তিকা মুদ্রণ ও বিতরণ।
২. মৎস্য ও প্রাণিসম্পদ সম্পর্কিত টিভি ফিলার, ডকু-ড্রামা, জিঙ্গেল তৈরী এবং বিভিন্ন সরকারি- বেসরকারি টিভি চ্যানেল ও বেতারে প্রচার।
৩. মৎস্য ও প্রাণিসম্পদ সম্পর্কিত জনগুরুত্বসম্পন্ন বিজ্ঞপ্তি জাতীয় দৈনিক পত্রিকায় প্রকাশ।
৪. বিভিন্ন জাতীয় কমসূচি যেমন-মৎস্য সপ্তাহ, জাটকা সংরক্ষণ সপ্তাহ, মা ইলিশ সংরক্ষণ অভিযান, প্রাণিসেবা সপ্তাহ, বিশ্ব জলাতংক দিবস ইত্যাদি উপলক্ষ্যে বেতার ও টিভি চ্যানেলে টক-শো অনুষ্ঠান আয়োজনের ব্যবস্থা গ্রহণ।
৫. বিভিন্ন জাতীয় অনুষ্ঠানের স্থির ও ভিডিও চিত্র ধারণ ও প্রচারে সহযোগিতা প্রদান।
৬. বিভিন্ন জনবহুল স্থানে মৎস্য ও প্রাণিসম্পদ উন্নয়ন বিষয়ক ভিডিও চিত্র প্রদর্শনীর আয়োজন।

## সেকশন ২

### দপ্তর/সংস্থার বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব | চূড়ান্ত ফলাফল সূচক | একক | প্রকৃত অর্জন ২০১৭-১৮ | প্রকৃত অর্জন* ২০১৮-১৯ | লক্ষ্যমাত্রা ২০১৯-২০ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০২০-২১ | ২০২১-২০২২ | | |
| মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক নব নব প্রযুক্তি সম্পর্কে জনসাধারণকে অবহিতকরণের মাধ্যমে এ সম্পর্কিত প্রচারণা বৃদ্ধি | মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক নব নব প্রযুক্তি সম্পর্কে জনসাধারণকে অবহিতকরণের মাধ্যমে এ সম্পর্কিত প্রচারণা বৃদ্ধি | সংখ্যা (কপি) | ১,৯৭,৫০০ | ২,৫০,০০০ | ২,৭০,০০০ | ২,৭৫,০০০ | ২,৮০,০০০ | মৎস্য অধিদপ্তর, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট | মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন, সরেজমিন পরিদর্শন প্রতিবেদন ইত্যাদি |

*সাময়িক (provisional) তথ্য

# সেকশন ৩
## কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৭-১৮ | প্রকৃত অর্জন* ২০১৮-১৯ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৯-২০ | | | | | প্রক্ষেপণ ২০২০-২১ | প্রক্ষেপণ ২০২১-২০২২ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| দপ্তর/সংস্থার কৌশলগত উদ্দেশ্যসমুহ | | | | | | | | | | | | | | | |
| [১] মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক বিভিন্ন লাগসই প্রযুক্তি সম্পর্কে জনসাধারণকে অবহিতকরণের মাধ্যমে এ সম্পর্কিত প্রচারণা বৃদ্ধি করা। | ৭৫ | [১.১] মৎস্য ও প্রাণিসম্পদ সম্পর্কিত পোস্টার, লিফলেট, ফোল্ডার, পুস্তক মুদ্রণ ও বিতরণ | [১.১.১] মুদ্রিত পোস্টার, লিফলেট, ফোল্ডার, পুস্তক | সমষ্টি | সংখ্যা (কপি) | ৩৫ | ১৯৭৫০০ | ২৫০০০০ | ২৭০০০০ | ২৫০০০০ | ২২০০০০ | ১৯০০০০ | ১৭০০০০ | ২৭৫০০০ | ২৮০০০০ |
| | | [১.২] মৎস্য ও প্রাণিসম্পদ সম্পর্কিত টিভি ফিলার, টিভি টেলপ, ডকুড্রামা ও প্রামাণ্যচিত্র নির্মাণ | [১.২.১] নির্মিত টিভি ফিলার, ডকুড্রামা | সমষ্টি | সংখ্যা | ১৫ | ৪ | ৫ | ৬ | ৫ | ৪ | ৩ | ২ | ৬ | ৬ |
| | | [১.৩] মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক ভিডিও প্রদর্শনী | [১.৩.১] প্রদর্শিত মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক ভিডিও | সমষ্টি | সংখ্যা | ৫ | ৩ | ৪ | ৫ | ৪ | ৩ | ২ | ১ | ৫ | ৬ |
| | | [১.৪] মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক টক-শো প্রচার | [১.৪.১] মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক প্রচারিত টক-শো | সমষ্টি | সংখ্যা | ৫ | ২ | ৩ | ৪ | ৩ | ২ | ১ | | ৪ | ৫ |
| | | [১.৫] মৎস্য ও প্রাণিসম্পদ সম্পর্কিত জনগুরুত্বসম্পন্ন বিজ্ঞপ্তি জাতীয় দৈনিক পত্রিকায় প্রকাশ। | [১.৫.১] মৎস্য ও প্রাণিসম্পদ সম্পর্কিত জনগুরুত্বসম্পন্ন প্রকাশিত বিজ্ঞপ্তি | সমষ্টি | সংখ্যা | ১০ | ১৫ | ১৬ | ১৮ | ১৬ | ১৪ | ১২ | ১১ | ২০ | ২২ |
| | | [১.৬] মৎস্য ও প্রাণিসম্পদ খাতে বঙ্গবন্ধুর অবদান বিষয়ে বিভিন্ন গণমাধ্যমে প্রচার | [১.৬.১] প্রচারিত বঙ্গবন্ধুর মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক অবদান সম্পর্কিত প্রামাণ্যচিত্র | সমষ্টি | সংখ্যা | ৫ | | | ১০ | ৯ | ৮ | ৭ | ৬ | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৭-১৮ | প্রকৃত অর্জন* ২০১৮-১৯ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৯-২০ | | | | | প্রক্ষেপণ ২০২০-২১ | প্রক্ষেপণ ২০২১-২০২২ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমুহ | | | | | | | | | | | | | | | |
| [১] কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি | ১০ | [১.১] দপ্তর/সংস্থায় ই-ফাইলিং পদ্ধতি বাস্তবায়ন | [১.১.১] সকল শাখায় ই-নথিব্যবহার | গড় | % | ১ | | | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | | |
| | | | [১.১.২] ই-ফাইলে নথি নিস্পত্তিকৃত | গড় | % | ১ | | | ৭০ | ৬৫ | ৬০ | ৫৫ | ৫০ | | |
| | | | [১.১.৩] ই-ফাইলে পত্র জারীকৃত | গড় | % | ১ | | | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ | | |
| | | [১.২] দপ্তর/সংস্থাকর্তৃক ডিজিটাল সেবা চালু করা | [১.২.১] ন্যনতম একটি নতুন ডিজিটাল সেবা চালুকৃত | তারিখ | তারিখ | ১ | | | ১৫.০২.২০ | ১৫.০৩.২০ | ৩১.০৩.২০ | ৩০.০৪.২০ | ৩০.০৫.২০ | | |
| | | [১.৩] দপ্তর/সংস্থাকর্তৃক উদ্ভাবনী উদ্যোগ/ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন | [১.৩.১] ন্যনতম একটি নতুন উদ্ভাবনী উদ্যোগ/ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প চালুকৃত | তারিখ | তারিখ | ১ | | | ১১.০৩.২০ | ১৮.০৩.২০ | ২৫.০৩.২০ | ০১.০৪.২০ | ০৮.০৪.২০ | | |
| | | [১.৪] সেবা সহজিকরণ | [১.৪.১] ন্যনতম একটি সেবা সহজিকরণ প্রসেস ম্যাপসহ সরকারি আদেশ জারিকৃত | তারিখ | তারিখ | ০.৫ | | | ১৫.১০.১৯ | ২০.১০.১৯ | ২৪.১০.১৯ | ২৮.১০.১৯ | ৩০.১০.১৯ | | |
| | | | [১.৪.২] সেবা সহজিকরণ অধিক্ষেত্রে বাস্তবায়িত | তারিখ | তারিখ | ০.৫ | | | ১৫.০৪.২০ | ৩০.০৪.২০ | ১৫.০৫.২০ | ৩০.০৫.২০ | ১৫.০৬.২০ | | |
| | | [১.৫] পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল ও ছুটি নগদায়নপত্র জারী করা | [১.৫.১] পি আর এল আদেশ জারিকৃত | গড় | % | ০.৫ | | | ১০০ | ৯০ | ৮০ | | | | |
| | | | [১.৫.২] ছুটি নগদায়ন পত্র জারিকৃত | গড় | % | ০.৫ | | | ১০০ | ৯০ | ৮০ | | | | |
| | | [১.৬] শূন্য পদের বিপরীতে নিয়োগ প্রদান | [১.৬.১] নিয়োগ প্রদানের জন্য বিজ্ঞপ্তি জারিকৃত | সমষ্টি | % | ০.৫ | | | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | | | |
| | | | [১.৬.২] নিয়োগ প্রদানকৃত | সমষ্টি | % | ০.৫ | | | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | | | |
| | | [১.৭] বিভাগীয় মামলা নিস্পত্তি | [১.৭.১] বিভাগীয় মামলা নিস্পত্তিকৃত | গড় | % | ১ | | | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | | | |
| | | [১.৮] তথ্য বাতায়ন হালনাগাদকরণ | [১.৮.১] সকল তথ্যহালনাগাদকৃত | গড় | % | ১ | | | ১০০ | ৯০ | ৮০ | | | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৭-১৮ | প্রকৃত অর্জন* ২০১৮-১৯ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৯-২০ | | | | | প্রক্ষেপণ ২০২০-২১ | প্রক্ষেপণ ২০২১-২০২২ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমুহ | | | | | | | | | | | | | | | |
| [২] দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ | ৮ | [২.১] বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন | [২.১.১] সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণসহ অন্যান্য বিষয়ে প্রশিক্ষণ আয়োজিত | সমষ্টি | জনঘন্টা | ১ | | | ৬০ | | | | | | |
| | | | [২.১.২] বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সকল প্রতিবেদন অনলাইনে দাখিলকৃত | সমষ্টি | সংখ্যা | ১ | | | ৪ | | | | | | |
| | | | [২.১.৩] এপিএ টিমের মাসিক সভার সিদ্ধান্ত বাস্তবায়িত | গড় | % | ০.৫ | | | ১০০ | ৯০ | ৮০ | | | | |
| | | | [২.১.৪] মাঠ পর্যায়ের কার্যালয়ের ২০১৯-২০ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনান্তে ফলাবর্তক (feedback) প্রদত্ত | তারিখ | তারিখ | ০.৫ | | | ৩১.০১.২০ | ০৭.০২.২০ | ১০.০২.২০ | ১১.০২.২০ | ১৪.০২.২০ | | |
| | | [২.২] জাতীয় শুদ্ধাচার কৌশল ও তথ্য অধিকার বাস্তবায়ন | [২.২.১] জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | সমষ্টি | % | ১ | | | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | | | |
| | | | [২.২.২] ২০১৮-১৯ অর্থ বছরের বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | তারিখ | ১ | | | ১৫.১০.১৯ | ১৫.১১.১৯ | ১৫.১২.১৯ | ১৫.০১.২০ | ৩১.০১.২০ | | |
| | | [২.৩] অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | [২.৩.১] নির্দিষ্ট সময়ের মধ্যে অভিযোগ নিষ্পত্তিকৃত | গড় | % | ০.৫ | | | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | | | |
| | | | [২.৩.২] অভিযোগ নিষ্পত্তি সংক্রান্ত মাসিক প্রতিবেদন মন্ত্রণালয়ে দাখিলকৃত | সমষ্টি | সংখ্যা | ০.৫ | | | ১২ | ১১ | ১০ | ৯ | | | |
| | | [২.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ ও বাস্তবায়ন | [২.৪.১] সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকৃত | গড় | % | ১ | | | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | | | |
| | | | [২.৪.২] নির্ধারিত সময়ে ত্রৈমাসিক বাস্তবায়ন প্রতিবেদন মন্ত্রণালয়ে দাখিলকৃত | সমষ্টি | সংখ্যা | ০.৫ | | | ৪ | ৩ | ২ | | | | |
| | | | [২.৪.৩] সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণ ব্যবস্থা চালুকৃত | তারিখ | তারিখ | ০.৫ | | | ৩১.১২.১৯ | ১৫.০১.২০ | ০৭.০২.২০ | ১৭.০২.২০ | ২৮.০২.২০ | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৭-১৮ | প্রকৃত অর্জন* ২০১৮-১৯ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৯-২০ | | | | | প্রক্ষেপণ ২০২০-২১ | প্রক্ষেপণ ২০২১-২০২২ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | | |
| [৩] আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন | ৭ | [৩.১] বাজেট বাস্তবায়নে উন্নয়ন | [৩.১.১] বাজেট বাস্তবায়ন পরিকল্পনা প্রণীত | তারিখ | তারিখ | ০.৫ | | | ১৬.০৮.১৯ | ২০.০৮.১৯ | ২৪.০৮.১৯ | ২৮.০৮.১৯ | ৩০.০৮.১৯ | | |
| | | | [৩.১.২] ত্রৈমাসিক বাজেট বাস্তবায়ন প্রতিবেদন দাখিলকৃত | সমষ্টি | সংখ্যা | ০.৫ | | | ৪ | ৩ | | | | | |
| | | [৩.২] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) বাস্তবায়ন | [৩.২.১] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) বাস্তবায়িত | সমষ্টি | % | ২ | | | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | | |
| | | [৩.৩] অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | [৩.৩.১] ত্রিপক্ষীয় সভায় নিষ্পত্তির জন্য সুপারিশকৃত অডিট আপত্তি | সমষ্টি | % | ০.৫ | | | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ | | |
| | | | [৩.৩.২] অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | সমষ্টি | % | ০.৫ | | | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ | | |
| | | [৩.৪] স্থাবর ও অস্থাবর সম্পত্তির হালনাগাদ তালিকা প্রস্তুত করা | [৩.৪.১] স্থাবর সম্পত্তির তালিকা হালনাগাদকৃত | তারিখ | তারিখ | ০.৫ | | | ০৩.০২.২০ | ১১.০২.২০ | ১৮.০২.২০ | ২৫.০২.২০ | ০৪.০৩.২০ | | |
| | | | [৩.৪.২] অস্থাবর সম্পত্তির তালিকা হালনাগাদকৃত | তারিখ | তারিখ | ০.৫ | | | ০৩.০২.২০ | ১১.০২.২০ | ১৮.০২.২০ | ২৫.০২.২০ | ০৪.০৩.২০ | | |
| | | [৩.৫] ইন্টারনেট বিলসহ ইউটিলিটি বিল পরিশোধ | [৩.৫.১] বিসিসি/বিটিসিএল-এর ইন্টারনেট বিল পরিশোধিত | সমষ্টি | % | ১ | | | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | | |
| | | | [৩.৫.২] টেলিফোন বিল পরিশোধিত | সমষ্টি | % | ০.৫ | | | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | | |
| | | | [৩.৫.৩] বিদ্যুৎ বিল পরিশোধিত | সমষ্টি | % | ০.৫ | | | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | | |

*সাময়িক (provisional) তথ্য

আমি, উপ-পরিচালক, মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর, সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় হিসাবে উপ-পরিচালক, মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

১৯.৬.১৯

উপ-পরিচালক
মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়

তারিখ

১৯/৬/২০১৯

সচিব
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়

তারিখ

## সংযোজনী-১

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | ডিওএফ (DOF) | Department of Fisheries |
| ২ | ডিএলএস (DLS) | Department of Livestock Services |
| ৩ | বিএফআরআই (BFRI) | Bangladesh Fisheries Research Institute |
| ৪ | বিএলআরআই (BLRI) | Bangladesh Livestock Research Institute |

## সংযোজনী- ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা এবং পরিমাপ পদ্ধতি-এর বিবরণ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [১.১] মৎস্য ও প্রাণিসম্পদ সম্পর্কিত পোস্টার, লিফলেট, ফোল্ডার, পুস্তক মুদ্রণ ও বিতরণ | [১.১.১] মুদ্রিত পোস্টার, লিফলেট, ফোল্ডার, পুস্তক | মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক নতুন নতুন প্রযুক্তি সম্প্রসারণে প্রচার ও প্রকাশনার মাধ্যমে বৃহত্তর জনগোষ্ঠীকে উদ্বুদ্ধকরণ। | মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর | মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর এর বার্ষিক প্রতিবেদন | সাধারণত রাজস্ব বাজেটের মাধ্যমে পরিচালিত হয় |
| [১.২] মৎস্য ও প্রাণিসম্পদ সম্পর্কিত টিভি ফিলার, টিভি টেলপ, ডকুড্রামা ও প্রামাণ্যচিত্র নির্মাণ | [১.২.১] নির্মিত টিভি ফিলার, ডকুড্রামা | ইলেক্ট্রনিক মিডিয়ায় মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক বিভিন্ন টিভি ফিলার, জিঙ্গেল, ডকু-ড্রামা প্রচার করা হয়। | মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর | মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর এর বার্ষিক প্রতিবেদন | সাধারণত রাজস্ব বাজেটের মাধ্যমে পরিচালিত হয় |
| [১.৩] মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক ভিডিও প্রদর্শনী | [১.৩.১] প্রদর্শিত মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক ভিডিও | বিভিন্ন জনবহুল স্থানে মৎস্য ও প্রাণিসম্পদ উন্নয়ন বিষয়ক ভিডিও .চিত্র প্রদর্শনীর আয়োজন করে জনসাধারণকে উদ্বুদ্ধ করা হয়। | মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর | মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর এর বার্ষিক প্রতিবেদন | সাধারণত রাজস্ব বাজেটের মাধ্যমে পরিচালিত হয় |
| [১.৪] মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক টক-শো প্রচার | [১.৪.১] মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক প্রচারিত টক-শো | বিভিন্ন জাতীয় কর্মসূচি যেমন-মৎস্য সপ্তাহ, জাটকা সংরক্ষণ সপ্তাহ, মা ইলিশ সংরক্ষণ অভিযান, জলাতংক দিবস ইত্যাদি উপলক্ষ্যে বেতার ও টিভি চ্যানেলে টক-শো অনুষ্ঠান আয়োজনের ব্যবস্থা করা হয়। | মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর | মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর এর বার্ষিক প্রতিবেদন | সাধারণত রাজস্ব বাজেটের মাধ্যমে পরিচালিত হয় |
| [১.৫] মৎস্য ও প্রাণিসম্পদ সম্পর্কিত জনগুরুত্বসম্পন্ন বিজ্ঞপ্তি জাতীয় দৈনিক পত্রিকায় প্রকাশ। | [১.৫.১] মৎস্য ও প্রাণিসম্পদ সম্পর্কিত জনগুরুত্বসম্পন্ন প্রকাশিত বিজ্ঞপ্তি | মৎস্য ও প্রাণিসম্পদ সম্পর্কিত জনগুরুত্বসম্পন্ন বিজ্ঞপ্তি জাতীয় দৈনিক পত্রিকায় প্রকাশ করা হয়। | মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর | মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর এর বার্ষিক প্রতিবেদন | সাধারণত রাজস্ব বাজেটের মাধ্যমে পরিচালিত হয় |
| [১.৬] মৎস্য ও প্রাণিসম্পদ খাতে বঙ্গবন্ধুর অবদান বিষয়ে বিভিন্ন গণমাধ্যমে প্রচার | [১.৬.১] প্রচারিত বঙ্গবন্ধুর মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক অবদান সম্পর্কিত প্রামাণ্যচিত্র | মৎস্য ও প্রাণিসম্পদ খাতে বঙ্গবন্ধুর অবদান বিষয়ে প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ায় প্রচার | মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর | মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর এর বার্ষিক প্রতিবেদন | মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |

## সংযোজনী ৩: অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের/অধিদপ্তর/সংস্থা-এর নিকট প্রত্যাশিত সুনির্দিষ্ট কর্মসম্পাদন সহায়তাসমূহ

| প্রতিষ্ঠানের ধরণ | প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের প্রত্যাশিত সহায়তা | প্রত্যাশার যৌক্তিকতা | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|
| ডিপার্টমেন্ট | বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট | মুদ্রিত পোস্টার, লিফলেট, ফোল্ডার, পুস্তক | কারিগরি সহায়তা | প্রযুক্তি সম্প্রসারণে সহায়ক ভূমিকা রাখে | নতুন প্রযুক্তি চাষি পর্যায়ে পৌছতে বিলম্ব হবে |
| ডিপার্টমেন্ট | বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট | মুদ্রিত পোস্টার, লিফলেট, ফোল্ডার, পুস্তক | কারিগরি সহায়তা | প্রযুক্তি সম্প্রসারণে সহায়ক ভূমিকা রাখে | নতুন প্রযুক্তি চাষি পর্যায়ে পৌছতে বিলম্ব হবে |
| ডিপার্টমেন্ট | প্রাণিসম্পদ অধিদপ্তর | মুদ্রিত পোস্টার, লিফলেট, ফোল্ডার, পুস্তক | কারিগরি সহায়তা ও সম্প্রসারণ সামগ্রী বিতরণ | প্রযুক্তি সম্প্রসরেণে সহায়ক ভূমিকা রাখে | তৃণমূল পর্যায়ে বিতরণে সমস্যা হবে ও অধিক ব্যয় হবে |
| ডিপার্টমেন্ট | ম ;স্য অধিদপ্তর | মুদ্রিত পোস্টার, লিফলেট, ফোল্ডার, ;ুস্তক | কারিগরি সহায়তা ও সম্প্রসারণ সামগ্রী বিতরণ | প্রযুক্তি সম্প্রসারণে সহায়ক ভূমিকা রাখে | তৃণমূল পর্যায়ে বিতরণে সমস্যা হবে ও অধিক ব্যয় হবে |